

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৭ (ভোকেশনাল-২)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০৫১.১৩-৭০৯

তারিখঃ ০৪/১০/২০১৬ খ্রিঃ।

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : টিএসসি/ব্রাহ্মণ/সা-১৯/২২৮৫, তারিখ: ২১/৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছরে তাঁর প্রতিষ্ঠানের মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত 'Annual Procurement Plan' এবং সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় নিম্ন বর্ণিত অসঙ্গতি পরিলক্ষিত হয়-

- সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় কিছু কিছু আইটেমে টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- ৪৮০০-সরবরাহ ও সেবা উপধাতে নষ্টযোগ্য/কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়ের প্রস্তাব না করে যন্ত্রপাতি বা সম্পদ ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- ৪৮৩১-বই পত্র উপধাতে সংযুক্ত তালিকায় কোন লেখক বা প্রকাশনীর নাম যুক্ত করা হয়নি। তাছাড়া, বই এর নামও শুদ্ধভাবে লেখা হয়নি।
- বোর্ড অ্যাফিলিয়েশন ফি এবং লিভারিজ এর জন্য নির্দিষ্ট উপধাত থাকা সত্ত্বেও অন্যান্য ব্যয় উপধাত হতে বোর্ড অ্যাফিলিয়েশন ফি এবং লিভারিজ পরিশোধের জন্য প্রস্তাব করা হয়েছে।
- টিওএন্ডইভুক্ত মোটর যানবাহন এবং বাজেট বরাদ্দ না থাকা সত্ত্বেও ৪৯০১-মোটর যানবাহন মেরামত উপধাতে যন্ত্রপাতির তালিকা সংযুক্ত করে প্রস্তাব করা হয়েছে।

উল্লেখ্য যে, বিভাগীয় প্রধান এবং অধ্যক্ষগণকে সরকারি তহবিলের অর্থ দ্বারা পণ্য, কার্য বা সেবা ক্রয় এবং আনুষঙ্গিক বিষয়ে একাধিকবার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।


এমতাবস্থায়, এ বিষয়ে প্রশিক্ষণ থাকা সত্ত্বেও কেন উপরে বর্ণিত দফা ক) হতে গ) পর্যন্ত মালামাল/যন্ত্রপাতির ক্রটিপূর্ণ তালিকা প্রস্তুত করে 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদনের জন্য অধিদপ্তরে প্রস্তাব করা হয়েছে তা পত্র প্রাপ্তির পর ০৩(তিন) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ব্যাখ্যা প্রদান এবং পিপিআর-২০০৮ এ বিদ্যমান বিধি মোতাবেক সঠিকভাবে APP তৈরি করে পুনরায় অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো।

প্রাপক :

অধ্যক্ষ
ব্রাহ্মণবাড়িয়া টেকনিক্যাল স্কুল ও কলেজ
ব্রাহ্মণবাড়িয়া।

অনুলিপি :

০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।


(মোঃ মিজানুর রহমান)
যুগ্মসচিব
পরিচালক (ভোকেশনাল)
ফোন : ০২-৯১১১০২৩।

